দৈনিক বাংলা দৈনিক বাংলা
104
তারিখ 0 1 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ১

ক্যাম্পাসে উত্তেজনা

# সলিমুল্লাহ হল থেকে গুলি

বিশ্ববিদ্যালয় রিপোর্টারঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অস্ত্রধারীদের আস্ফালন অব্যাহত রয়েছে। শনিবার সন্ধ্যায় অস্ত্রধারীরা হঠাৎ করে সলিমুল্লাহ হল থেকে গুলি বর্ষণ শুরু করে। গুলির শব্দে ক্যাম্পাসে আতংক ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। তবে গুলিতে কেউ হতাহত হয়নি।

প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যা সাড়ে

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## হল থেকে গুলি

(প্রথম পৃঃ পর)

পাঁচটায় হঠাৎ করে সলিমুল্লাহ হলের মূল গেট ও বৃটিশ কাউন্সিলের পাশের গেট থেকে গুলিবর্ষণ শুরু হয়। এ সময় লাইট নিভিয়ে হল প্রাঙ্গণ অন্ধকার করে দেয়া হয়। জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীরা হল আক্রমণ করেছে এ ধারণা করে সলিমুল্লাহ হলে অবস্থানরত ছাত্রলীগ (শা–অ) কর্মীরা গুলি–বর্ষণ শুরু করে বলে জানা গেছে। দু'দফায় প্রায় ১৫/২০ রাউন্ড গুলিবর্ষণের শব্দ শোনা যায়।

বিশ্ববিদ্যালয়ে বিবদমান দু'দলের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।